

১০. ১১. ২৬

টিআইবির প্রতিবেদন যশোরে স্কুল শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ৮৫ লাখ টাকা আদায়

যশোর অফিস
যশোর সদর উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছ থেকে ২০০৫ সালে অতিরিক্ত প্রায় ৮৫ লাখ টাকা আদায় করেছে কর্তৃপক্ষ। গতকাল শুক্রবার যশোর জেলা শাখা এ সংক্রান্ত এক জরিপ প্রতিবেদন প্রকাশ করে। এতে বলা হয়, সদর উপজেলার শিক্ষার্থীদের কাছ থেকে সরকারি ও বেসরকারি স্কুল কর্তৃপক্ষ ২০০৫ সালে অতিরিক্ত টাকা আদায় করেছে ৮৪ লাখ ৭০ হাজার ৭১২ টাকা। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন আইনজীবী শেখ হাসান ইমাম, ড. মোস্তাফিজুর রহমান।

নন্দলাল সূত্রধর, দীপু রায়, সাবনু কুমার দাস, আবু সাঈদ তোজা প্রমুখ। প্রতিবেদনে বলা হয়, অর্ধভনিক ইওয় সেন্টে ও সরকারি ও বেসরকারি স্কুলের প্রতিটি শ্রেণীতেই অভিভাবকদের ভর্তি দি় দিতে হয়েছে, যা নিয়মবিরূদ্ধ। ১ম শ্রেণীর ছাত্রছাত্রীদের ১৫টি বাতে, ২য় শ্রেণীতে ১৬টি, ৩য় শ্রেণীতে ১৬টি, ৪র্থ শ্রেণীতে ১৭টি ও ৫ম শ্রেণীতে ১৬টি বাতে টাকা প্রদান করতে হয়েছে। প্রতিবেদনে আরও বলা হয়, এ এলাকার শিক্ষার্থীদের উপস্থিতির আওতায় আসতে শতকরা ৪৮ ভাগ ছাত্রছাত্রীকে ২২ টাকা করে টাকা দিতে হয়েছে। এ টাকা নিয়েছেন প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। ২০০৫ সালে শতকরা ৭৬ ভাগ ছাত্রছাত্রী বছরে গড়ে ২৯২ টাকা করে উপস্থিতির টাকা কম পেয়েছে। এ হিসাবে দেখা যায়, শিক্ষার্থীরা ৩৮ লাখ ৮০ হাজার ৪৮৪ টাকা কম পেয়েছে। সদর উপজেলার শিক্ষার্থীদের কাছ থেকে শিক্ষকরা প্রাইভেট পড়ানো ব্যবস আদায় করেছেন ৪ লাখ ৭৮ হাজার ৫৭৮ টাকা।